গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মেলন কক্ষ।
তারিখ : ২২-১২-২০২২ খ্রিঃ।
সময় : সকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ হতে 'অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে অনলাইন অভিযোগ প্রতিকার কার্যক্রম GRS চালু হয়েছে। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম [২.৩] অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা করার সিদ্ধান্ত রয়েছে তারই অংশ হিসেবে আজ এ সভার আয়োজন করা হয়েছে।

অত:পর সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দের কাছে কার্যক্রম সম্পর্কে জানতে চান এবং মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে কী কী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তা জানতে চান। সভায় পিআরএল ও পেনশন প্রদান সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়া সিটিজেনস চার্টার এর ওপর বিস্তারিত আলোচনা হয়। যদি কোন অভিযোগ থাকে তাহলে ব্যুরোতে অভিযোগ বক্স রয়েছে সেখানে অভিযোগ দিতে পারবেন এবং অভিযোগ দাখিল করলে তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে এছাড়া অনলাইনেও অভিযোগ দাখিল করতে পারবেন মর্মে সকলকে অবহিত করেন।

<u>বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

১। পেনশন সংক্রান্ত কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;
২। অনলাইনে অভিযোগ প্রতিকার কার্যক্রম-GRS সম্পর্কে সকল সেবাগ্রহীতা/অংশীজনদের সচেতন করতে হবে;
৩। যে কোন অভিযোগ/পত্র সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক এর মাধ্যমে ব্যুরোতে প্রেরণ করতে হবে, অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না এবং উক্ত বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হবে না;
৪। সিটিজেনস চার্টার অনুযায়ী সকল সেবা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
৫। স্টেকহোল্ডারগণের সমন্বয়ে পরবর্তী সভা নির্দিষ্ট সময়ের মধ্যে আয়োজন করতে হবে।

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
(যুগ্মসচিব)
ফোন: ০২-৮৮৩৫১৫৫

স্মারকসংখ্যা:৩৮.০০.০০০০.৩০১.১৬.৬৬৯.২১-২৬

তারিখ: ২০ পৌষ ১৪২৯ / ০৪ জানুয়ারি ২০২৩

**কার্যার্থে:**

১। সিস্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। উপ-পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), উশিব্যু/জেউশিব্যু।
৪। সহকারী পরিচালক, জেউশিব্যু, ঢাকা।
৫। লাইব্রেরিয়ান/স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার উশিব্যু, ঢাকা।
৬। প্রশাসনিক কর্মকর্তা, উশিব্যু, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

০৩.০১.২০২৩
(মো: মাহবুব আলম)
সহকারী পরিচালক(প্রশাসন)
প্রতিকল্প কর্মকর্তা